

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date: 31-10-2025

Time : 7-35 AM

DEO : KB

Desk in Charge : SDG

Compiling : Sudip Basu

NR : Sudip B.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ নির্বাচন কমিশনের কঠোর হুঁশিয়ারির পর ১৪৩ জন বুথ লেভেল অফিসার, কাজে যোগ দিয়েছেন।
- ২/ SIR নিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী, অযথা ভয়ের পরিবেশ তৈরি করেছেন বলে বিজেপি অভিযোগ করেছে।
- ৩/ উচ্চমাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ফল আজ প্রকাশিত হবে। #স্কুলের তৃতীয় শ্রেণী থেকে AI এবং কম্পিউটেশনাল থিঙ্কিং পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার।
- ৪/ নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে সর্দার বল্লবভাই প্যাটেলের জন্মদিনটি, আজ দেশ জুড়ে ‘একতা দিবস’ হিসেবে পালিত হচ্ছে। #প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ৪২-তম প্রয়াণ দিবস আজ।
- ৫/ নিম্নচাপ এবং বাতাসে প্রচুর জলীয়বাষ্প প্রবেশের প্রেক্ষিতে উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারী বর্ষণের পূর্বাভাস।
- ৬/ সুপার কাপ ফুটবলের গুরুত্বপূর্ণ ম্যাচে আজ মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গল, মুখোমুখি হচ্ছে।

নির্বাচন কমিশনের কঠোর হুঁশিয়ারির পর ১৪৩ জন বুথ লেভেল অফিসার, কাজে যোগ দিয়েছেন। গত প্রায় সাত মাস ধরে নির্বাচন কমিশন বুথ লেভেল অফিসারদের নিয়োগ এবং প্রশিক্ষণের কাজ শুরুর বার্তা দেওয়ার পরেও ওই আধিকারিকরা কাজে যোগ দেননি। এমনকি প্রশিক্ষণেও অংশ নেননি বলে অভিযোগ। তারপরেই তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার ইঙ্গিত দেওয়া হয় কমিশনের তরফে।

গতকাল দুপুর বারোটা-র মধ্যে তাঁদের কাজে যোগ দেওয়ার চূড়ান্ত সময়সীমা দেওয়া হয়েছিল। ওই নির্দেশ মেনেই ১৪৩ BLO কাজে যোগ দিয়েছেন বলে জেলাশাসকদের তরফে কমিশনের কাছে রিপোর্ট দেওয়া হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, এবারের SIR প্রক্রিয়া আগের থেকে আরও নিবিড়ভাবে করা হবে। প্রত্যেককে সুষ্ঠুভাবে দায়িত্ব পালনের জন্য তিনি আবেদন জানান।

অন্যদিকে, উত্তরবঙ্গের বন্যা বিধ্বস্ত এলাকায় ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়াতে আজ সকাল থেকেই কোচবিহার, জলপাইগুড়ি ও দার্জিলিং-এ বিশেষ ক্যাম্প খুলেছে জেলা প্রশাসন। যাদের সমস্ত নথি নষ্ট হয়েছে, তাঁদের হাতে প্রত্যয়িত নকল নথি তুলে দেওয়ার কাজ শুরু হয়েছে।

নির্বাচন কমিশন মালদহের মানিকচকের এনায়েতপুরের ১৫৬ নম্বর বুথের BLO-র দায়িত্বে থাকা শ্যামপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মতিউল আনসারিকে সরিয়ে দিয়েছে। তিনি তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য বলে জানা গেছে।

উল্লেখ্য, BLO হিসাবে নিযুক্ত অনেকেই সরাসরি শাসক দলের সঙ্গে যুক্ত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছিলেন।

রাজ্যে এস আই আর (SIR) ঘোষণার সঙ্গে সঙ্গেই মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের ওয়েবসাইট ‘ট্র্যাশ’ করে যাওয়ায় সমস্যা সমাধানে ‘ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার’-NIC-কে চিঠি দেওয়া হয়েছে। ওই সংস্থা ওয়েবসাইট সচল করার চেষ্টা করলেও, পরিস্থিতি এখনও স্বাভাবিক হয়নি বলে খবর।

উল্লেখ্য, SIR ঘোষণার সঙ্গে সঙ্গে রাজ্যের অধিকাংশ ভোটার ২০০২ সালের তালিকায় তাদের নাম রয়েছে কিনা তা দেখার জন্যে একসঙ্গে ওয়েবসাইট খোলার কারণেই এই বিপত্তি বলে জানা গেছে।

SIR নিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী, অযথা ভয়ের পরিবেশ তৈরি করেছেন বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, মমতা ব্যানার্জি, অভিষেক বন্দ্যোপাধ্যায় সহ শাসক দলের সাংসদ, বিধায়করা SIR নিয়ে উত্তেজক মন্তব্য করে মানুষকে ভয় দেখাচ্ছেন। এর ফলে আতঙ্কিত হয়ে পড়ছেন সাধারণ মানুষ। প্রদীপ কর সহ বেশ কয়েকটি আত্মহত্যার ঘটনায় দুঃখ প্রকাশ করে শ্রী মজুমদার বলেন, NRC আতঙ্কেই মৃত্যু হয়েছে কিনা, তা’ খতিয়ে দেখা দরকার।

(বাইট- সুকান্ত/ SIR)

এদিকে কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বিজেপি নেতা রাহুল সিনহা জানিয়েছেন, SIR ও NRC আতঙ্কে পানিহাটি ও বীরভূমে দুজনের মৃত্যু হয়েছে বলে মুখ্যমন্ত্রী যে দাবি করেছেন তা সর্বৈব মিথ্যা।

উল্লেখ্য, পানিহাটিতে প্রদীপ করের মৃত্যুর পূর্ণাঙ্গ তদন্তের দাবীতে পরিবারের পক্ষ থেকে গতকাল থানায় FIR দায়ের করেছে। বিজেপি এই ঘটনায় CBI তদন্তের দাবী জানিয়েছে।

বিহারে ভোটের মুখে পার্শ্ববর্তী রাজ্যগুলি থেকে যাতে দুষ্কৃতি, কোনো নগদ অর্থ, মাদক বা অস্ত্র ঢুকতে না পারে, সেজন্য বিহার সংলগ্ন পশ্চিমবঙ্গ, ঝাড়খন্ড এবং উত্তর প্রদেশের প্রশাসনের শীর্ষ কর্তাদের সঙ্গে বৈঠক করেছে নির্বাচন কমিশন। তিন রাজ্যের মুখ্য সচিব ও পুলিশের মহানির্দেশক ছাড়াও সশস্ত্র সীমা বল- SSB-র মহা নির্দেশক বৈঠকে উপস্থিতি ছিলেন।

হাওড়া পুরসভার প্রশাসকের দায়িত্বভার দেওয়া হল পুর কমিশনার বন্দনা পোখরিয়ালকে। এই বিষয়ে সরকারি বিজ্ঞপ্তি জারি হয়েছে। একইসঙ্গে হাওড়া পুরসভার প্রশাসক মন্ডলীর চেয়ারম্যান পদ থেকে ডাঃ সুজয় চক্রবর্তীর পদত্যাগপত্র গ্রহণ করেছে রাজ্যের পুর দপ্তর।

উল্লেখ্য, গত ২৫ শে অক্টোবর এই প্রশাসক মন্ডলীর চেয়ারম্যান হিসেবে সুজয় চক্রবর্তী ব্যক্তিগত কারণ দেখিয়ে পদত্যাগ করেন। তাঁর সঙ্গেই পদত্যাগ করেন প্রশাসকমন্ডলীর অন্যান্য সদস্য।

এদিকে, পাঁশকুড়া পুরসভায় প্রশাসকের দায়িত্ব থাকা নন্দকুমার মিশ্রকে সরিয়ে তমলুকের মহকুমা শাসক মানাস মুখার্জীকে আনা হয়েছে।

অন্যদিকে, ধুপগুড়ি পুরসভার নতুন প্রশাসক হলেন ওই এলাকার মহকুমা শাসক শ্রদ্ধা সুব্বা। এই পুরসভার এতদিন প্রশাসকের দায়িত্বে ছিলেন ভারতী বর্মণ।

উচ্চমাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ফল আজ প্রকাশিত হবে। বেলা সাড়ে বারোটায় সাংবাদিক বৈঠক করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন উচ্চমাধ্যমিক

শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য। দুপুর দুটো থেকে অনলাইনে রেজাল্ট জানতে পারবেন পরীক্ষার্থীরা। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ গতকাল এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, result.wb.gov.in এবং www.results.shiksha ওয়েবসাইটে ফলাফল জানা যাবে। স্কুল কর্তৃপক্ষ রেজাল্টের স্টেটমেন্ট ডাউনলোড করে পরীক্ষার্থীদের দিতে পারবে।

স্কুলের তৃতীয় শ্রেণী থেকে কৃত্রিম বুদ্ধিমত্তা-AI এবং কম্পিউটেশনাল থিংকিং-CT পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার।

সম্প্রতি কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের স্কুল শিক্ষা দপ্তর, বিষয়টি নিয়ে বৈঠক করেন। ২০২৬-২৭ শিক্ষা বর্ষ থেকেই এই দুটি বিষয় পাঠ্যক্রমে যুক্ত করার কথা ভাবা হয়েছে বলে জানা গেছে।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫১-তম জন্মদিনটি দেশ জুড়ে ‘একতা দিবস’ হিসাবে পালিত হচ্ছে। দেশকে পরাধীনতার হাত থেকে মুক্ত করতে স্বাধীনতা আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিলেন সর্দার বল্লভভাই প্যাটেল। ভারতের ‘লৌহমানব’ আখ্যা দেওয়া হয়েছিল তাঁকে। ব্রিটিশ শাসনের অবসানের দাবিতে মহাত্মা গান্ধীর ভারত ছাড়ো আন্দোলনে যোগ দিয়েছিলেন সর্দার বল্লভভাই প্যাটেল। তাঁর রাজনীতি, স্বাধীনতা আন্দোলন, চিন্তা ভাবনাতেও ছিল গান্ধীজীর প্রভাব।

ঐক্য ও অখণ্ডতা রক্ষায় দেশের প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার প্যাটেলের অবদানের স্মরণে কেন্দ্রীয় সরকার ৩১ শে অক্টোবরকে জাতীয় ‘একতা দিবস’ হিসেবে ঘোষণা করে। ‘ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট’ কোডিকোডের অধ্যাপক কৌশিক

গঙ্গোপাধ্যায় এই প্রসঙ্গে বলেন, দেশকে ঐক্যবদ্ধ করার ক্ষেত্রে তাঁর দৃঢ় পদক্ষেপই সর্দার প্যাটেলকে লৌহমানব আখ্যা দিয়েছে। তাঁর স্মৃতিতে বর্তমান কেন্দ্রীয় সরকার যথার্থ পদক্ষেপ গ্রহণ করেছে।

(বাইট- কৌশিক গঙ্গোপাধ্যায়)

সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিন উপলক্ষ্যে দেশ জুড়ে ‘একতা দৌড়’ বা ‘ইউনিটি রান’-এর আয়োজন করা হচ্ছে।

প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ৪২-তম প্রয়াণ দিবস উপলক্ষে আজ দেশ জুড়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে। কংগ্রেস এর তরফ থেকে দিনটি ‘আত্মবলিদান দিবস’ হিসেবে পালিত হয়। ১৯৮৪ সালের আজকের দিনে নতুন দিল্লিতে দেহরক্ষীর গুলিতে প্রাণ হারান ইন্দিরা গান্ধী।

ছত্তিশগড়ের ওপর অবস্থানরত সুস্পষ্ট নিম্নচাপ এবং বাতাসে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশ করায়, উত্তরবঙ্গের জেলাগুলিতে আজ ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। ‘লাল সতর্কতা’ জারি হয়েছে দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায়। ভারী বৃষ্টির ‘কমলা সতর্কতা’ রয়েছে কোচবিহার ও উত্তর দিনাজপুর জেলার জন্য। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান হবিবুর রহমান বিশ্বাস একথা জানিয়েছেন-

(বাইট- হবিবুর)

এদিকে, দক্ষিণবঙ্গের বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে আজ।

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে অতিভারী বৃষ্টির পূর্বাভাস থাকায়, পর্যটকদের সুরক্ষায় জেলা প্রশাসন উত্তরবঙ্গের দার্জিলিং-এর পর্যটন কেন্দ্র সান্দাকফু ট্রেকিং বন্ধ রাখার নির্দেশ দিয়েছে। পুনরায় বিজ্ঞপ্তি জারি না হওয়া পর্যন্ত এই নির্দেশ বলবত থাকবে। গতকাল থেকেই পর্যটকদের মানেভঞ্জন-এ আটকে দেওয়া হচ্ছে। এর পরে তাঁরা আর এগোতে পারবেন না বলে সরকার জানিয়েছে।

দার্জিলিং-এর সোনাদায় আট মাইলে গত সন্ধ্যায় একটি গাড়ি দুর্ঘটনায় দুজনের মৃত্যু হয়েছে। গুরুতর আহত ৬ জন। তাঁদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। বেশ কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। পাহাড়ি পথে ভারী বৃষ্টি ও পিচ্ছিল রাস্তার কারণে গাড়িটি দুর্ঘটনার কবলে পড়ে বলে জানা গেছে।

সুপার কাপ ফুটবলের গুরুত্বপূর্ণ ম্যাচে আজ মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গল মুখোমুখি হবে। গোয়ার ফতোরদা স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান ও ইস্টবেঙ্গল দুটি দলই দুই ম্যাচে চার পয়েন্ট করে সংগ্রহ করেছে। তবে গোল পার্থক্যে ইস্টবেঙ্গল এগিয়ে থাকায় সুবিধাজনক অবস্থায় রয়েছে। ফতোরদা স্টেডিয়ামে গতকাল বেঙ্গালুরু এফ সি, ২-০ গোলে মহামেডান স্পোর্টিং-কে হারিয়ে দিয়েছে। বিজয়ী দলের পক্ষে তাওরেম কেলভিন সিং ও সুনীল ছেত্রী গোল করেছেন।
